

# সমকাল

## ছাত্র রাজনীতি আগেও যেমন ছিল ভবিষ্যতে থাকবে: কৃষিমন্ত্রী

১৩ ফণ্টা আগে

---

সমকাল প্রতিবেদক ও গাজীপুর প্রতিনিধি

---



কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, বুয়েট ছাত্র আবরার হত্যাকাণ্ড একটি মর্মান্তিক ঘটনা। এটা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। দেশের সবচেয়ে মেধাবী ছাত্ররা যে এমন ঘটনা ঘটাতে, সেটি কারও কাম্য নয়। পুরো জাতি এ হত্যার নিন্দা করছে। তাই বলে আইন করে ছাত্র রাজনীতি বন্ধ করা উচিত হবে না। ছাত্র রাজনীতি আগেও ছিল, ভবিষ্যতেও থাকবে।

শনিবার গাজীপুর কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। বারির কাজী বদরুদ্দোজা মিলনায়তনে মহাপরিচালক ড. আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী আরও বলেন, পৃথিবীর সব দেশেই ছাত্র রাজনীতি রয়েছে। এমন কি দিল্লি বিশ্ববিদ্যালয়েও ছাত্র রাজনীতি আছে। সেখানেও দলীয় ভিত্তিতে নির্বাচন হয়। ছাত্ররাজনীতি আগেও ছিল, ছাত্ররাজনীতি থাকবে। তবে সেটা হতে হবে স্বচ্ছ-সুন্দর নৈতিক। ছাত্রদের মূল্যবোধের অবক্ষয় যেন না হয়, সেদিকে আমাদের নজর দিতে হবে। তিনি বলেন, ছাত্র রাজনীতির বিপক্ষে আমরা না। এটা মানুষের মৌলিক অধিকার এবং গণতান্ত্রিক চিন্তা-চেতনা জাগ্রত করে। তাই ছাত্র রাজনীতি নিষিদ্ধ করা উচিত হবে না।